

## প্রার্থী ৫ লাখ ৩২ হাজার শিক্ষক নিবন্ধন প্রিলিমিনারি পরীক্ষা আজ

### যুগান্তর রিপোর্ট

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগের যোগ্যতা অর্জনকারী 'শিক্ষক নিবন্ধন পরীক্ষা' আজ অনুষ্ঠিত হচ্ছে। প্রথমবারের মতো এবার এ পরীক্ষা প্রিলিমিনারি এবং লিখিত— এ দুই ভাগে নেয়া হচ্ছে। আজ অনুষ্ঠিত হচ্ছে প্রিলিমিনারি পরীক্ষা।

এবার এ পরীক্ষায় ৫ লাখ ৩২ হাজার ৫২২ প্রার্থী অংশ নিচ্ছেন। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ' (এনটিআরসিএ) এ পরীক্ষা নিয়ে থাকে। স্কুল পর্যায়ে আজ সকাল ১০টা থেকে ১১টা ও কলেজ পর্যায়ের পরীক্ষা বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। এর মধ্যে স্কুল ও কলেজ পর্যায়-২-এর প্রার্থী ৩ লাখ ৫২ হাজার ১৩ জন ও কলেজ পর্যায়ের প্রার্থী এক লাখ ৮০ হাজার ৫০৯ জন। এনটিআরসিএ জানিয়েছে, ইতিমধ্যে পরীক্ষার্থীদের প্রবেশপত্র অনলাইনে পাঠানো হয়েছে। উল্লেখ্য, এবারের নতুন নিয়ম অনুযায়ী প্রিলিমিনারিতে পাস করার পর লিখিত পরীক্ষা হবে।

লিখিত পরীক্ষায় পাস করলেই পাওয়া যাবে সনদ। ইতিপূর্বে একটি পরীক্ষাই হতো। এবার থেকে প্রথম ধাপে এক ঘণ্টার ১০০ নম্বরের প্রিলিমিনারি টেস্ট অনুষ্ঠিত হবে। এ পরীক্ষায় পাস করলে প্রার্থীরা স্বর্ণনামূলক পদ্ধতিতে বিষয়ভিত্তিক ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ নেবেন।